

প্রেসিডেন্টের সাথে ঢাবি ভিসি'র নেতৃত্বে শিক্ষক প্রতিনিধি দলের সাক্ষাৎ

বাসস : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ডঃ আনোয়ারুল্লাহ চৌধুরীর নেতৃত্বে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় সমিতির ১২ সদস্যের একটি প্রতিনিধি দল গতকাল বঙ্গভবনে প্রেসিডেন্ট এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরীর সাথে সাক্ষাৎ করেছেন। প্রতিনিধি দলের সদস্যরা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ নিয়ে তার সঙ্গে আলোচনা করেন। প্রেসিডেন্ট বদরুদ্দোজা চৌধুরী বলেন, দেশের সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার অনুকূল পরিবেশ নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পিতা-মাতা বা অভিভাবক-শিক্ষক

৪-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

প্রেসিডেন্টের সাথে ভিসি

৮-এর পৃষ্ঠার পর

নিয়মিত সভা অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণ এবং শিক্ষক-ছাত্র সম্পর্ক গড়ে তুলতে হবে। প্রেসিডেন্ট বলেন, ছাত্রছাত্রীদের সাংস্কৃতিক প্রতিভা বিকাশের পর্যাপ্ত সুযোগ এবং তাদের সাহিত্য চর্চার স্বীকৃতি দিতে হবে। রাজশাহী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসিগণ এ সময় উপস্থিত ছিলেন। বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব সেলিম উইয়ার নেতৃত্বে পাঁচ সদস্যের অপর একটি প্রতিনিধি দল গতকাল প্রেসিডেন্টের সাথে সাক্ষাৎ করেন।